

**REGIONAL NEWS UNIT
ALL INDIA RADIO, AGARTALA**
Date: 1 ↳ 10-2025
Time: 07:55-08:05 PM Hrs
BENGALI EVENING BULLETIN

Headlines :

- (১) মুখ্যমন্ত্রী অধ্যাপক ডাঃ মানিক সাহা বলেছেন, প্রধানমন্ত্রী নরেন্দ্র মোদীর বিকশিত ভারতের লক্ষ্যকে সামনে রেখে দলীয় কর্মী সমর্থকদের এগিয়ে যেতে হবে।
- (২) আগামীকাল শ্যামাপূজা ও আলোর উৎসব দীপাবলি। সারা রাজ্য উৎসবমুখর।
- (৩) চন্দ্রযান-২ এই প্রথম চাঁদের উপর থেকে সূর্যের চোমুকিয় তরঙ্গ নিঃসরণ প্রত্যক্ষ করেছে- জানিয়েছে ভারতীয় মহাকাশ গবেষনা সংস্থা ইসরো।
- (৪) দীপাবলি উৎসবে অতিরিক্ত যাত্রী ভীড় সামলাতে আগামীকাল থেকে তিনদিন রাজ্যে বিশেষ ট্রেন চালানোর সিদ্ধান্ত নিয়েছে এনএফ রেলওয়ে।

CM Town Hall :

মুখ্যমন্ত্রী অধ্যাপক ডাঃ মানিক সাহা বলেছেন, প্রধানমন্ত্রী নরেন্দ্র মোদীর বিকশিত ভারতের লক্ষ্যকে সামনে রেখে দলীয় কর্মী সমর্থকদের এগিয়ে যেতে হবে। তিনি দলীয় নেতাদের নীতি এবং আদর্শ মেনে রাজ্যের মানুষের মঙ্গলের স্বার্থে কাজ করে যাওয়ার আহ্বান জানিয়েছেন। বিজয়া দশমী উপলক্ষে ভারতীয় জনতা পার্টি ত্রিপুরা প্রদেশের পক্ষ থেকে আজ আগরতলা টাউন হলে অনুষ্ঠিত বিজয়া শুভেচ্ছা বিনিময় অনুষ্ঠানে মুখ্যমন্ত্রী একথা বলেন। অনুষ্ঠানে প্রদেশ বিজেপির রাজ্য সভাপতি তথা সংসদ রাজীব ভট্টাচার্য সহ দলের অন্যান্য নেতৃবৃন্দ উপস্থিত ছিলেন।

Minister Tinku Roy:

আজ কৈলাশহরের উনকোটি কলাক্ষেত্রে বিজেপি'র উনকোটি জেলা কমিটির উদ্যোগে আয়োজিত "বিজয়া সম্মেলন" এর উদ্বোধন করেন যুব বিষয়ক ও ঢ্রীড়া দপ্তরের মন্ত্রী টিংকু রায়। উদ্বোধনী ভাষণে তিনি বলেন, প্রধানমন্ত্রী নরেন্দ্র মোদী'র "বিকশিত ভারত" গঠনের সংকল্প'কে বাস্তবায়িত করতে সবাই'কে এগিয়ে আসতে হবে।

এই অনুষ্ঠানে অন্যান্যদের মধ্যে বক্তব্য রাখেন, উনকোটি জিলা পরিষদের সভাধিপতি অমলেন্দু দাশ, রাজ্য ওয়াকফ বোর্ডের চেয়ারম্যান মবস্বর আলি, কৈলাশহর পুর পরিষদের চেয়ারপার্সন চপলা রাণী দেবরায়, চক্রপুর পঞ্চায়েত সমিতির চেয়ারপার্সন শম্পা দাস পাল প্রমুখ। স্বাগত বক্তব্য রাখেন, BJP উনকোটি জেলা সভাপতি বিমল কর। এখানে উনকোটি জেলার বিভিন্ন পূজা উদ্বোক্তা, ক্লাবগুলি'কে এবং বার্তাজীবিদের সম্মান জানানো হয়।

Dipawali:

আগামীকাল শ্যামাপূজা ও আলোর উৎসব দীপাবলি। সারা রাজ্যই উৎসব মুখর। আগরতলার বিভিন্ন পূজা মণ্ডপ ও রাজপথ আলোক-মালায় সজিয়ে তোলা হয়েছে। রাজ্যের মূল আকর্ষণ উদয়পুরের মাতা ত্রিপুরেশ্বরী মন্দিরে গ্রিতিহেবাহী তিনদিনব্যাপী দীপাবলি উৎসব ও মেলার আগামীকাল সন্ধ্যায় আনুষ্ঠানিকভাবে সূচনা করবেন মুখ্যমন্ত্রী অধ্যাপক ডাঃ মানিক সাহা। ইতিমধ্যে মাতাবাড়ি মন্দির এলাকার প্রস্তুতি চূড়ান্ত।

এদিকে, জেলা পুলিশ সুপার আমাদের জেলা প্রতিনিধি শ্যামসুন্দর দত্তকে জানিয়েছেন, নিরাপত্তা কর্মী, টি এস আর, সাধারণ পুলিশ মোতায়েন করা হয়েছে। পর্যাপ্ত সিসি টিভি, ওয়াচ টাওয়ার মেলা প্রাঙ্গনে বসানো হয়েছে।

Governor Greetings:

রাজ্যপাল ইন্দ্রসেনা রেজিডি নাল্লু দীপাবলি উপলক্ষ্যে রাজ্যবাসীকে আন্তরিক অভিনন্দন ও শুভেচ্ছা জানিয়েছেন। এক শুভেচ্ছা বার্তায় রাজ্যপাল বলেন, এই উৎসব যেন আমাদের হৃদয়কে জ্ঞান, করুণা ও আশার আলোয় ভরিয়ে দেয়। তিনি এই উৎসবকে পরিবেশ বান্ধব উপায়ে নিরাপদভাবে উদ্যাপন করার জন্য আহ্বান জানিয়েছেন।

CM Greetings:

দীপাবলি উৎসব উপলক্ষ্যে মুখ্যমন্ত্রী অধ্যাপক ডাঃ মানিক সাহা রাজ্যবাসীকে আন্তরিক শুভেচ্ছা জানিয়েছেন। মুখ্যমন্ত্রী বলেন- আলোর উৎসব দীপাবলি আমাদের চিরন্তন গ্রতিহের প্রতীক। দীপাবলির পবিত্র আলোকশিখা জীবনের সমস্ত যন্ত্রণাকে দূর করে নব আলোকে উন্নাসিত করুক এটাই আমাদের প্রার্থনা।

Diwali -South:

দক্ষিণ জেলাজুড়েও চলছে দীপাবলি উৎসবের চূড়ান্ত প্রস্তুতি। আগামীকাল দক্ষিণ জেলার জোলাইবাড়ি রাজকের মুহূরীপুর রাজ - রাজেশ্বরী মন্দির এবং পিলাক পার্কিং জোনের দীপাবলি উৎসবের সূচনা করবেন সাংসদ বিল্লব কুমার দেব। বাইঝোড়ার এসএসবি ক্যাম্প, বাইঝোড়া থানা, শান্তিরবাজারের নবদিগন্ত ক্লাব ও ছাত্রবন্ধু সামাজিক সংস্থার দীপাবলি উৎসব এবং বিলোনিয়ার

যোগমায়া কালিবাড়ি, পিতাস কালিবাড়ি, মতাইয়ের বুড়া কালিবাড়ি এবং
সাক্ষৰমের দৈত্যশ্বরী কালিবাড়ি ও বাঘায়তীন কালিবাড়ি উৎসব আয়োজন
জেলার মূল আকর্ষণ।

Dipawali-Khowai:

দীপাবলী উৎসব ও শ্যামা মায়ের আরাধনায় মেতে উঠেছে গোটা খোয়াই
জেলা। খোয়াইয়ের সুভাষ পার্ক কালীবাড়ি এভারগ্রীন কালিবাড়ি উদ্যোগে এবছর
দুদিন ব্যাপী দীপাবলী উৎসব অনুষ্ঠিত হচ্ছে গ্রামে, খোয়াই জেলার প্রতিটি
থানায় অনুষ্ঠিত হচ্ছে শ্যামা মায়ের পূজা।

Meher Kali Bari:

আগরতলার মেহের কালী বাড়ি পরিচালন কমিটির উদ্যোগে আজ অসহায় ও
দুষ্ট মানুষের মধ্যে নতুন বন্ধু বিতরণ করা হয়। অনুষ্ঠানে আগরতলা পুর
নিগমের মেয়র দীপক মজুমদার ও স্থানীয় কাউন্সিলররা উপস্থিত ছিলেন।

Ayodhya Dipawali:

প্রভু শ্রী রামের অযোধ্যায় ফিরে আসার ঘটনাকে স্মরনীয় করে রাখতে দীপাবলি
উদয়াপিত হচ্ছে পবিত্র শহর অযোধ্যায়। শহর জুড়ে ২৬ লক্ষ ১১ হাজার ১০১ টি
মাটির প্রদীপ জ্বালানো হচ্ছে। সরযু নদীর তীরে ৫৬ টি ঘাটে এই প্রদীপ জ্বালানো
হচ্ছে। সন্ধ্যায় আয়োজিত হয় সরযু আরতি। উল্লেখ্য, গত বছর ২৬ লক্ষ প্রদীপ
জ্বালিয়ে দীপাবলি উদয়াপন করা হয়েছিল।

Chandrayan-2:

চাঁদের উপর সূর্যের করোনাল মাস ইজেকশন-CME-এর প্রভাব এই প্রথম চন্দ্রযান-২ পর্যবেক্ষণ করেছে বলে ভারতীয় মহাকাশ গবেষণা সংস্থা ইসরো জানিয়েছে। চাঁদের হালকা বাতাস বা লুনার এক্সোস্পিয়ার এবং এর পৃষ্ঠের উপর মহাকাশের আবহাওয়ার প্রভাব অনুধাবন করতে এই পর্যবেক্ষন সহায়ক হবে।

GSLV - M1 রকেট ব্যবহার করে শ্রীহরিকোটা থেকে ২০১৯ এর ২২শে জুলাই চন্দ্রযান-২ উৎক্ষেপণ করা হয়। এর মধ্যে রয়েছে আটটি পরীক্ষামূলক পেলোড। গ্রীষ্ম বছর ২০শে আগস্ট চন্দ্রযান-২ সফলভাবে চাঁদের উপবৃত্তাকার কক্ষপথে প্রবেশ করে।

Voice over on GST reforms:

আগামীকাল আলোর উৎসব দীপাবলি। প্রধানমন্ত্রী নরেন্দ্র মোদী লালকেল্লা থেকে বলেছিলেন, দীপাবলির আগেই পরবর্তী প্রজন্মের জিএসটি সংস্কার বাস্তবায়িত করা হবে। অবশ্যে সে বিষয়ে সিদ্ধান্ত গ্রহণ ও নবরাত্রির প্রথম দিনেই তা কার্য্যকরণ হয়। সারা দেশ থেকে পাওয়া প্রতিক্রিয়ার নিরিখে দীপাবলির প্রাকলগ্নে কেন্দ্রীয় অর্থমন্ত্রী নির্মলা সীতারমন বলেন, ভারতের মানুষ এই সংস্কার ভালোভাবেই গ্রহণ করেছেন। একটি প্রতিবেদন।

#####V/O#####

Update Akashvani :

এখবর শুনছেন, আকাশবাণী আগরতলা কেন্দ্র থেকে।

#####Sound Byte#####

আকাশবাণীর সংবাদের আপডেট পেতে লগ ইন করুন – ডেলিউ. ডেলিউ. ডেলিউ ডট নিউজ অন এ আই আর ডট কম এবং নিউজ অন এ-আই-আর অ্যাপ, এবং ট্যুইটার ও ফেসবুক প্লাটফর্ম-এ এ-আই-আর-নিউজ-এলার্টস-এ। ইউ-টিউব-এ লক্ষ্য করুন নিউজ-অন-এআইআর-অফিসিয়াল-এ।

এছাড়াও আকাশবাণী আগরতলার সংবাদ আপডেট পেতে দেখুন ট্যুইটার বা এক্স হ্যান্ডেলে আকাশবাণী নিউজ আগরতলা / ফেসবুকে এ-আই-আর নিউজ আগরতলা এবং ইউ টিউবে আকাশবাণী নিউজ আগরতলা।

Special Train:

দীপাবলি উৎসবে অতিরিক্ত যাত্রী ভীড় সামলাতে আগামীকাল থেকে দুটি বিশেষ ট্রেন চালানোর সিদ্ধান্ত নিয়েছে এনএফ রেলওয়ে। আগরতলা থেকে ধর্মনগর ও সাত্রুম রুটে এই পরিষেবা আগামীকাল থেকে ২২ অক্টোবর পর্যন্ত চালু থাকবে। এনএফ রেলওয়ে জানিয়েছে, আগরতলা থেকে প্রতিদিন সকাল ৫টা ১৫ মিনিটে ছেড়ে বিশেষ ট্রেন ধর্মনগরে পৌঁছবে সকাল ৮টা ৪৫ মিনিটে। ধর্মনগর থেকে সকাল ১০ টা ৩৫ মিনিটে ছেড়ে ট্রেনটি আগরতলা পৌঁছাবে দুপুর ১ টা ৫০ মিনিটে। এদিকে, আগরতলা থেকে দুপুর ২টা ১৫ মিনিটে রওনা হয়ে বিশেষ ট্রেন বিকেল ৪টা ৩৫ মিনিটে সাত্রুমে পৌঁছাবে। সন্ধ্যা ৫ টায় সাত্রুম থেকে ছেড়ে রাত ৭টা ৩৫ মিনিটে আগরতলায় পৌঁছবে। এনএফ রেলওয়ের এক বিজ্ঞপ্তিতে এখবর জানানো হয়েছে।

Kathin Chivar Dan Utsav:

আগরতলার অভয়নগরস্থিত প্রাচ্য বিদ্যা বিহারে আজ উৎসাহ উদ্বীপনার মধ্য দিয়ে কঠিন চীবর দান উৎসব অনুষ্ঠিত হয়। এই উপলক্ষ্মে সকাল থেকেই বিশেষ

বুদ্ধ পূজা, সংঘদান এবং ধর্মীয় আলোচনা সভা অনুষ্ঠিত হয়। বিকেলে অনুষ্ঠিত হয় চীবর নিয়ে পরিদ্রমা ও ধর্মসভা। অনুষ্ঠানে রাজ্যের বিভিন্ন প্রান্ত সহ বাংলাদেশ থেকেও বৌদ্ধ ভিক্ষুরা সামিল হয়েছেন।

MLA fund:

বামুটিয়া বিধানসভার রাঙ্গুটিয়া গ্রামে আজ বিধায়ক এলাকা উন্নয়ন তহবিলের অর্থে সাংস্কৃতিক কর্মকাণ্ডের জন্য একটি শেড নির্মাণ করা হচ্ছে। বিধায়ক নয়ন সরকার আজ নির্মাণ কাজ পরিদর্শন করে জানান, বামুটিয়া বিধানসভা কেন্দ্রে উন্নয়নের কাজ আগামীদিনেও চলবে।

BSF Detain 21 foreigners :

বিএসএফ আজ রাজ্যে বেআইনি অনুপ্রবেশের অভিযোগে ২১জন বিদেশি নাগরিককে আটক করেছে। তাদের মধ্যে দশজন রোহিঙ্গা নাগরিক এবং ১১ জন বাংলাদেশের নাগরিক রয়েছেন। বিএসএফ শালবাগান সদর দপ্তর জানিয়েছে, আগরতলা রেল ষ্টেশনে এগারজন বাংলাদেশিকে আটক করা হয়। এদিকে, উত্তর ত্রিপুরা জেলায় সীমান্ত অতিক্রম করার সময় দশজন রোহিঙ্গা নাগরিককে আটক করা হয়।

Recovery Eskuf Syrup :

জিরানিয়া রেল ষ্টেশনে পণ্যবাহী ট্রেনের বগিণ্ডলিতে তল্লাশি চালিয়ে আজ আরও ১৭ হাজার ৮০০ বোতল নিষিদ্ধ এসকাফ কফ সিরাপ উদ্ধার করেছে পুলিশ। পুলিশ সদর দপ্তর জানিয়েছে, গত ১৬ অক্টোবর এই ষ্টেশনে একটি পণ্যবাহী ট্রেনের দুটি বগিতে তল্লাশি চালিয়ে ৯০ হাজার বোতল কফ সিরাপ

উদ্ধার করা হয়েছিল। এই ঘটনায় আগরতলা সরকারি রেল থানায় এনডিপিএস আইনে মামলা নেওয়া হয়েছে।

Women Cricket:

গোয়ালিয়রে মেয়েদের জাতীয় সিনিয়র টি-২০ ক্রিকেটের সপ্তম তথা শেষ ম্যাচেও ত্রিপুরা প্রাজিত হয়েছে। ক্যাপ্টেন রূপ সিং স্টেডিয়ামে এলিট পুলে গ্রুপের খেলায় অন্ধ্রপ্রদেশ ৬ উইকেটে রাজ্যদলকে হারিয়ে দেয়। এরফলে গ্রুপের মোট সাতটি ম্যাচে মধ্যে রাজ্যদল একটিতে জয় পায়। বাকী ছয়টি হেরে আসর থেকে বিদায় নেয়।

Weather:

আগামীকাল আকাশ সাধারণত মেঘাচ্ছন্ন থাকবে। সকালে হালকা কুয়াশা পড়ার সম্ভাবনা রয়েছে। আগামীকাল দিনের সর্বোচ্চ তাপমাত্রা ৩৪.২ ডিগ্রি সেলসিয়াস এবং সর্বনিম্ন ২৫ ডিগ্রি সেলসিয়াস এর কাছাকাছি থাকতে পারে। আজ দিনের সর্বোচ্চ তাপমাত্রা ছিল ৩৪ ডিগ্রি সেলসিয়াস এবং সর্বনিম্ন ২৫ ডিগ্রি সেলসিয়াস।
